

স্মারক নম্বর: ২৬.০৪.০০০০.১১১.১৭.০৮০.২১.৭১১

তারিখ: ২ মার্চ ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকি বিভিন্ন অপরাধে ৫৪টি প্রতিষ্ঠানকে ৮.০৮ লক্ষ টাকা জরিমানা

১ মার্চ ২০২১ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়স্বাধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১৮ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর ময়মনসিংহ, টাঙ্গাইল, গাজীপুর, নরসিংদী, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, ঝালকাঠি, পটুয়াখালী, ভোলা, খুলনা, রাজশাহী, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ-এ বাজার তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়।

প্রধান কার্যালয়ের উপপরিচালক জনাব বিকাশ চন্দ্র দাস, সহকারী পরিচালক জনাব প্রনব কুমার প্রামানিক, ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: মাগফুর রহমান ও ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: আব্দুল জব্বার মন্ডল কর্তৃক মোহাম্মদপুর কৃষি মার্কেট, ধামরাই কালামপুর বাজার এলাকায় তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রির অপরাধে 'বুস্বাস লিমিটেড' কে ৮,০০০/- (আট হাজার) টাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রির অপরাধে 'নিউ নাহার হোটেল' কে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে 'ফরিদপুর রাইচ', 'মেসার্স লক্ষর ট্রেডার্স', 'মুন স্টোর', 'হক ব্রেড এন্ড ফুড প্লাজা' কে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, পরিমাপে কারচুপি ও দৈর্ঘ্য পরিমাপের কার্যে ব্যবহৃত পরিমাপক ফিতা বা অন্য কিছুতে কারচুপির অপরাধে 'স্টিন ব্রিকস', 'হিরা ব্রিকস', 'সোহাগ ব্রিকস', 'এম এল এ বি ব্রিকস' কে ১,০০,০০০/- টাকা করে ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা জরিমানা করা হয়। অর্থাৎ গত ১ মার্চ ২০২১ তারিখে মোট ৪,৫২,০০০/- (চার লক্ষ বাহান্ন হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী ১৪টি বাজার তদারকি কার্যক্রমের মাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য কলাপ ও জনে কারচুপি, সেবা প্রদানে অবহেলা ইত্যাদি দ্বারা সেবাগ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো এবং পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ৪৩টি প্রতিষ্ঠানকে ৩,৩৬,০০০/- (তিন লক্ষ ছত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে ১টি প্রতিষ্ঠানকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রদান করা হয়।

গত ১ মার্চ ২০২১ তারিখে সর্ব মোট ১৮টি বাজার তদারকি কার্যক্রম পরিচালনা ও ১টি লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ৫৪টি প্রতিষ্ঠানকে মোট ৮,০৮,০০০/- (আট লক্ষ আট হাজার) টাকা জরিমানা আরোপ করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, সিভিল সার্জন, মৎস্য কর্মকর্তা পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্মকর্তা স্যানিটারি ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাবের সদস্যগণ এসব তদারকি কার্যক্রমে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জনগণের মাঝে লিফলেট ও প্যাম্ফলেট বিতরণ করা হয়েছে।

(তাহমিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোন: ০২-৮১৮৯৪১১
ই-মেইল: ad-operation@dncrp.gov.bd

বিতরণ:

১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/সময় টিভি/চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/এশিয়া টিভি/মাইটিভি/বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকণ্ঠ/দৈনিক মানবজমিন/দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/দৈনিক সংগ্রাম/দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকণ্ঠ/দৈনিক আমাদের অর্থনীতি/দৈনিক বণিক বার্তা/দৈনিক আমার কাগজ/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে নুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): নোটিশ বোর্ডে প্রদর্শন নতীর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে প্রচারের অনুরোধসহ

১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।

২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।

৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।

৪। প্রধান তথ্য কর্ম কর্তৃ পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।

৫। পুলিশ কমিশনার (সকল)।

৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।

৭। জেলা প্রশাসক (সকল)।

৮। পুলিশ সুপার (সকল)।

৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।

১০। জনসংযোগ কর্ম কর্তৃ বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।

১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।